



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১০০/ ২৭২২

তারিখঃ ১২/০৯/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/সংস্থাপন/৪৫১; তারিখঃ ৩১/০৭/২০১৭খ্রিঃ
২) নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১০০/২৬৩৭; তারিখঃ ০৩/০৭/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সর্বিনয়ে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ইন্দুরকানী উপজেলাধীন পতাশী হাছানিয়া দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতির বিরুদ্ধে সুপার পদে নিয়োগে অনিয়মের অভিযোগ এনে ১ম স্থান অধিকারী জনাব মোঃ এমদাদুল হক, পিতা: মৃত আশরাফ আলী খান একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রে সুপার নিয়োগে ১ম স্থান অধিকারীকে নিয়োগ না দিয়ে আর্থিকভাবে লাভবান হয়ে ৩য় স্থান অধিকারীকে নিয়োগের জন্য নিয়োগ বোর্ডকে চাপ সৃষ্টি করা হচ্ছে বলে উল্লেখ করা হয়।

এরই পরিপ্রেক্ষিতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক গত ১৫/০৬/২০১৭খ্রিঃ তারিখে প্রতিষ্ঠানের সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে ১০(দশ) কর্মদিবসের সময় দিয়ে কারণ দর্শানো পত্র দেয়া হয়। ইতোমধ্যে ছাত্র অভিভাবক জনাব আব্দুল আলিম হাওলাদার অত্র বোর্ডে আরো একটি অভিযোগপত্র দাখিল করেন, অভিযোগপত্রে অবৈধ নিয়োগপ্রাপ্ত কতিপয় শিক্ষকের জন্য ঐতিহ্যবাহী একটি প্রতিষ্ঠানকে ধ্বংসের হাত থেকে রক্ষা করার জন্য আবেদন করা হয়।

উল্লিখিত অভিযোগসমূহের সরজমিনে তদন্তপূর্বক সার্বিক বিষয়ে সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে অত্র বোর্ডের দুইজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। কর্মকর্তাগণ সরজমিনে মাদ্রাসাটি পরিদর্শন করে সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন দাখিল করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমানিত হয়েছে। তদন্তকারী কর্মকর্তাগণ নিম্নোক্ত সুপারিশ প্রদান করেছেন-

- (১) বিধি মোতাবেক সুপার নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে মাদ্রাসা বোর্ডকে অবহিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে পত্র দেয়া যায়।
- (২) বিধি মোতাবেক ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব মাদ্রাসার সহ-সুপারকে প্রদান করে মাদ্রাসা বোর্ডকে অবহিত করার জন্য ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটির সভাপতিকে পত্র দেয়া যেতে পারে।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদনের উল্লিখিত সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


12.09.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি-ম্যানেজিং কমিটি;
২) ভারপ্রাপ্ত সুপার, পতাশী হাছানিয়া দাখিল মাদ্রাসা, ইন্দুরকানী, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/পিরোজপুর-১০০/

তারিখঃ ১০/৯/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ইন্দুরকানী, পিরোজপুর।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪